

তালো সাড়া পাছি, জয়ের ব্যাপারে আমি আশাবাদী : উমামা ফাতেমা

অনলাইন ডেক্স



উমামা ফাতেমা

‘আমরা চাই এখানে নিরপেক্ষ নির্বাচন হোক। এখন পর্যন্ত কোনো নেতৃত্বাচক মানসিকতা নিয়ে এগোচ্ছি না। আমরা ফলাফল বর্জনের মতো কোনো অবস্থানে নেই। বরং আমরা চাই সঠিকভাবে যেন নির্বাচন সম্পন্ন হয় এবং সেই অনুযায়ী ফলাফল আসে।

’—কথাগুলো বলেছেন ডাকসু নির্বাচনে স্বতন্ত্র শিক্ষার্থী এক্য প্যানেলের সহ-সভাপতি (ভিপি) প্রার্থী উমামা ফাতেমা।

মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০টার দিকে উদয়ন স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রের সামনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন তিনি।

শুন



একসঙ্গে তিন খান, ভন্দের উচ্চাসে সরগরম সোশ্যাল
মিডিয়া

উমামা ফাতেমা বলেন, ‘আমরা ভোটারদের থেকে ভালো সাড়া
পাচ্ছি। শিক্ষার্থীরা আগ্রহ নিয়ে ভোট দিচ্ছেন।

জয়ের ব্যাপারে আমি আশাবাদী।’ তবে কোন হল থেকে সবচেয়ে
বেশি ভোট আশা করছেন- এমন প্রশ্নে তিনি স্পষ্ট করে কিছু না
জানিয়ে বলেন, এখনো সে হিসাব হাতে আসেনি।

ভোটের পরিস্থিতি সম্পর্কে উমামা বলেন, ‘পরিস্থিতি এখন পর্যন্ত
ভালো। সবাই আসছে, ভোট দিচ্ছে।

আমরা চাই এভাবেই যেন সুষ্ঠুভাবে ভোটগ্রহণ চলতে থাকে।’

৫



ফুসফুস নষ্ট হয়ে আইসিইউতে ভর্তি? সত্য জানালেন
আরশ খান

বিশ্ববিদ্যালয়ের ৮টি কেন্দ্রে ৮১০টি বুথে সকাল ৮টা থেকে
ভোটগ্রহণ চলছে। বিকেল ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে চলবে
ভোটগ্রহণ। বিকেল ৪টার মধ্যে কেন্দ্রে লাইনে দাঁড়ানো শিক্ষার্থীরা
ভোট দেওয়ার সুযোগ পাবেন।

এদিকে, ডাকসু নির্বাচন ঘিরে সোমবার রাত ৮টা থেকে টানা ৩৪

ঘণ্টা বিশ্ববিদ্যালয়ের সব প্রবেশপথ সর্বসাধারণের জন্য বন্ধ

থাকবে, যা আগামী বুধবার সকাল ৬টা পর্যন্ত বলবৎ থাকবে।